bengalioldsongs.in



সতীনাথ মুখোপাধ্যায়

শিল্পীর স্বকীয় বৈশিষ্ট্যে পূর্ণ, ভাবাবেগ ও রস-উচ্ছলিত, অতৃপ্ত মনের আকুল কামনায় গড়া আধুনিক দু'খানি গান—এবারের অন্যতম শ্রেষ্ঠ আকর্ষণ।

## সতীনাথ মুখোপাধ্যায়
## Satinath Mukherjee

কথা ও সুর :—সুধীন্ দাশগুপ্ত

**N 82841** ঐ আকাশ প্রদীপ তারা
যেওনা চলে এ রাতে গো

( ১ )

ঐ আকাশ প্রদীপ তারা
জ্বেলোনা জ্বেলোনা।
বধুয়া আমার বুঝি এলো না।
ওগো মন-প্রজাপতি পাখা
মেলোনা মেলোনা
বধুয়া আমার বুঝি এলো না॥

কত নিশি গেল আসার আশাতে
ক্ষয়ে ক্ষয়ে কত দীপ নিভেছে
হৃদয় আমার সেই প্রদীপের শিখা
রয়ে রয়ে কত ব্যথা নিয়েছে,
শবরীর স্মৃতিলিপি খুলো না॥

এতো ছোট এ জীবনে দিন চলে যায়
সময় কি কারো পানে
চায় ফিরে চায়।
ওগো ফুল তুমি রূপের আলোতে
হৃদয়ের সুধা ঢেলে দিওনা
চাঁদ তুমি ওগো মেঘদল হ'তে
ব্যথার কাজল মুছে নিও না
আঁধার আমারে দূরে ঠেলো না॥*

( ২ )

যেওনা চলে এ রাতে গো।
এখনো তারা আকাশে জ্বলে
স্বপ্ন আমার কথা যে বলে
থাকো তুমি সাথে গো॥

দেখিনি এমন অবগুণ্ঠন খুলে
রূপসী রাতের মত
খোলা এলো চুলে,
কি যেন চোখের জলেতে লেখা
জানিনা আবার হবে কি দেখা
থাকো তুমি সাথে গো॥

চলে যাবে বলে
জানি তুমি এলে
এই ক্ষণটুকু শেষ হয়ে গেলে।
সব শেষ হ'লে আরো
কিছু থাকে বাকী
মনের সাগরে তবু
ঢেউ ওঠে নাকি,
মুছে যদি যায় রাতের রেখা
জানিনা আবার হবে কি দেখা
থাকো তুমি সাথে গো॥*

—শিল্পীর পূর্ব-প্রকাশিত জনর্নান্দত রেকর্ড—

**N 82831** তুমি মেঘলা দিনের
**আধুনিক** দু'টি ঐ কাঁকনের ছন্দ

**N 82813** তুমি সুন্দর তাই
**আধুনিক** আমি চিরতরে দূরে